# এলপি গ্যাস লিমিটেড

(বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন এর একটি অঙ্গ প্রতিষ্ঠান)
উত্তর পতেঙ্গা, চট্টগ্রাম-৪২০৪।

সূত্র: ২৮.২৭.০০০০.০০৫.১১.০০৪.২৫- ৬৭৯ তারিখ: ০৩/১১/২০২৫ খ্রি.

## লিখিত পরীক্ষার সময়সূচি সংক্রান্ত বিজ্ঞপ্তি

এলপি গ্যাস লিমিটেডে কর্মকর্তা পদে জনবল নিয়োগের লক্ষ্যে গত ১৪/০৭/২০২৫ তারিখে প্রকাশিত নিয়োগ বিজ্ঞপ্তির আলোকে নিম্নোক্ত শূন্য পদসমূহ পূরণের নিমিত্ত প্রার্থীদের লিখিত পরীক্ষা নিম্নবর্ণিত তারিখ, সময়সূচি ও কেন্দ্রে অনুষ্ঠিত হবে:

গ্রুপ-১:

| ক্রম | পদের নাম | লিখিত পরীক্ষার কেন্দ্রের নাম | লিখিত পরীক্ষার তারিখ ও সময় |
|---|---|---|---|
| ১. | সহকারী ব্যবস্থাপক (পরিচালন ও উন্নয়ন) | বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয় (বুয়েট), ঢাকা। | তারিখ: ২৮ নভেম্বর, ২০২৫ (শুক্রবার) সময়: সকাল ১০:০০ হতে ১১:০০ ঘটিকা |
| ২. | সহকারী ব্যবস্থাপক (রক্ষণাবেক্ষণ ও সেফটি) | | |

গ্রুপ-২:

| ক্রম | পদের নাম | লিখিত পরীক্ষার কেন্দ্রের নাম | লিখিত পরীক্ষার তারিখ ও সময় |
|---|---|---|---|
| ১. | উপ-ব্যবস্থাপক (হিসাব ও অর্থ) | গভর্নমেন্ট ল্যাবরেটরি হাই স্কুল, নিউ মার্কেট, মিরপুর রোড, ঢাকা-১২০৫। | তারিখ: ২৯ নভেম্বর, ২০২৫ (শনিবার) সময়: সকাল ১০:০০ হতে ১১:৩০ ঘটিকা |
| ২. | সহকারী ব্যবস্থাপক (হিসাব ও অর্থ) | | |
| ৩. | সহকারী ব্যবস্থাপক (মানব সম্পদ ও লিগ্যাল) | | |
| ৪. | সহকারী ব্যবস্থাপক (নিরীক্ষা) | | |
| ৫. | কনিষ্ঠ কর্মকর্তা (মানব সম্পদ ও লিগ্যাল) | | |

২। প্রবেশপত্র ডাউনলোডের জন্য User ID এবং Password সম্বলিত ডাউনলোড লিংক (http://lpgl.teletalk.com.bd/admitcard/) এর একটি এসএমএস (SMS) আবেদনকারীদের মোবাইলে প্রেরণ করা হবে। এছাড়াও এলপি গ্যাস লিমিটেড'র নিজস্ব ওয়েবসাইট http://www.lpgl.gov.bd এবং বিপিসি'র ওয়েবসাইট http://www.bpc.gov.bd এ সংক্রান্ত নোটিশ প্রকাশ করা হবে।

৩। লিখিত পরীক্ষার প্রবেশপত্র http://lpgl.teletalk.com.bd/admitcard/ এই ওয়েবসাইট থেকে আগামী ১৩/১১/২০২৫ তারিখ হতে ডাইনলোড করা যাবে।

৪। প্রার্থীগণ মূল প্রবেশপত্রটি (সম্ভব হলে রঙিন) লিখিত পরীক্ষায় অংশগ্রহণের সময় প্রদর্শন করবেন। লিখিত পরীক্ষায় উত্তীর্ণ হলে পরবর্তী পরীক্ষা অর্থাৎ মৌখিক পরীক্ষার সময় অবশ্যই লিখিত পরীক্ষার প্রবেশপত্রসহ সকল শিক্ষাগত সনদের মূল কপি প্রদর্শন করবেন। উল্লেখ্য, পরীক্ষা কেন্দ্রে প্রবেশপত্র প্রিন্ট/প্রদান করার কোনো সুযোগ থাকবে না।

৫। প্রার্থীগণকে নিয়োগ বিজ্ঞপ্তি ও প্রবেশপত্রে বর্ণিত শর্তসমূহ প্রতিপালনপূর্বক পরীক্ষার কেন্দ্রে উপস্থিত থাকতে হবে।

৬। প্রার্থীগণ পরীক্ষার সময় কোন প্রকার বই, ব্যাগ, স্মার্ট ঘড়ি, ক্যালকুলেটর, ইলেক্ট্রনিক ডিভাইস ও মোবাইল নিয়ে পরীক্ষার হলে প্রবেশ করতে পারবেন না। তবে, গ্রুপ-১ এর প্রার্থীগণ (Programable Scientific Calculator ব্যতীত) সাধারণ ক্যালকুলেটর ব্যবহার করতে পারবেন।

৭। প্রার্থীগণকে অবশ্যই লিখিত পরীক্ষা শুরু হওয়ার ৩০(ত্রিশ) মিনিট পূর্বে কেন্দ্রে প্রবেশ করতে হবে।

৮। আবেদনকারীকে উপস্থিতি পত্র এবং উত্তরপত্রের জন্য প্রবেশপত্রে ব্যবহৃত একই স্বাক্ষর ব্যবহার করতে হবে।

৯। লিখিত পরীক্ষায় আবেদনকারীকে কালো বলপয়েন্ট কলম ব্যবহার করতে হবে। এক্ষেত্রে, প্রার্থীগণকে দুটি কালো বলপয়েন্ট কলম পরীক্ষা হল-এ সঙ্গে আনার জন্য পরামর্শ প্রদান করা যাচ্ছে। পেনসিলের ব্যবহার কোনো অবস্থাতেই গ্রহণযোগ্য হবে না।

১০। পরীক্ষায় কোনরূপ অসদুপায় অবলম্বন করলে প্রার্থীতা বাতিল বলে গণ্য হবে।

১১। প্রবেশপত্র সংগ্রহ করতে সমস্যা হলে alljobs.query@teletalk.com.bd অথবা টেলিটক নম্বর থেকে ১২১ নম্বরে যোগাযোগ করা যাবে। এছাড়া, টেলিটকের জবপোর্টাল এর ফেসবুক পেজ http://www.facebook.com/alljobs.bd এ প্রবেশ করে মেসেজ এর মাধ্যমে যোগাযোগ করা যাবে অথবা alljobs.query@teletalk.com.bd ই-মেইলে যোগাযোগ করা যাবে (মেইল/মেসেজ এর Subject এ Organization Name: LPGL, Post Name: ****, Applicant's User ID ও Contact Number অবশ্যই উল্লেখ করতে হবে)।

Neamat ullah

(মো: নেয়ামত উল্লাহ)
মহাব্যবস্থাপক (হিসাব ও অর্থ এবং মানব সম্পদ)
এলপি গ্যাস লিমিটেড
উত্তর পতেঙ্গা, চট্টগ্রাম